# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১৬ মার্চ, ২০০৯ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | গ্রুপ ক্যাপ্টেন শাহনেওয়াজ, এনডিসি, পিএসসি, জিডি(এন)<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | কমান্ডার এস এম শামীম হারুন, (ট্যাজ), পিএসসি, বিএন<br>একজিকিউটিভ অফিসার, বিএনএস হাজী মহসিন<br>প্রতিনিধি<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ জুলফিকার রহমান<br>ডিএডি এমএস, সদর দপ্তর লগ এরিয়া<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট<br>সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | জনাব জিয়াউল ইসলাম চৌধুরী<br>বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | বেগম ফারজানা সিদ্দিকা<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ।

*চলমান পাতা-২*

সভার শুরুতেই ২৫ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে পিলখানাস্থ বিডিআর সদর দপ্তরে শহীদ সেনাকর্মকর্তা ও তাঁদের পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং শহীদদের স্মরণে ০১(এক) মিনিট নিরবতা পালন করা হয়। অতঃপর উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২৫ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে বিডিআর সদর দপ্তরে সংঘটিত হত্যাকাণ্ডের বিষয়ে শোক প্রস্তাব।

আলোচনা ঃ গত ২৫ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে বিডিআর সদর দপ্তরে সংঘটিত হত্যাকাণ্ডের বিষয়ে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে নিন্দা জ্ঞাপনসহ উক্ত ঘটনায় শহীদ সেনা সদস্য ও তাঁদের পরিবারের প্রতি গভীর শোক জ্ঞাপনের নিমিত্তে শোক প্রস্তাব উথাপন করেন। বোর্ডের অন্যান্য সকল সদস্য উক্ত শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে সমর্থন করেন।

সিদ্ধান্ত ঃ বিডিআর সদর দপ্তরে ২৫ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে সংঘটিত হত্যাকাণ্ডে শহীদ সেনাসদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের প্রতি ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে শোক জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২ ঃ গত ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার গত ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। আলোচ্যসূচী-২ এর গৃহীত সিদ্ধান্তের আলোকে মহাখালী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ) আলোচনায় অংশ গ্রহণ করে জানান যে, বোর্ডের আওতাধীন আবাসিক বাড়ীর গৃহকর প্রতি তিন বছর অন্তর পুনঃনির্ধারণ করা প্রয়োজন। এছাড়াও বোর্ডের বকেয়া গৃহকর/দোকান ভাড়া আদায়ে আরো সচেষ্ট হওয়ারও তাগিদ প্রদান করেন। আলোচ্যসূচী-১১ এর উপর আলোচনাক্রমে বারিধারা ডিওএইচএস এলাকার বাসা বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহ করার নিমিত্তে সরবরাহকৃত ভ্যানগাড়ীগুলো ডিওএইচএস পরিষদ এর নিয়োগকৃত লোকবল দ্বারা পরিচালনাসহ সংরক্ষণ করা যেতে পারে। আলোচ্যসূচী-১৬ এর গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে দোকান করার নিমিত্তে অস্থায়ীভাবে ০১(এক) বছর মেয়াদে লেঃ কর্ণেল খান এম এ তাহের (অবঃ)-কে ২০´ × ৩০´ জায়গা বরাদ্দকৃত জায়গা বরাদ্দলাভকারীর আবেদনের প্রেক্ষিতে ০৫(পাঁচ) বছর মেয়াদে বরাদ্দের বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। আলোচ্যসূচী-৩২বিবিধ(৩) এর গৃহীত সিদ্ধান্তের উপর বোর্ডের সম্মানিত সদস্য জনাব জিয়াউল ইসলাম চৌধুরী আলোচনাক্রমে জনান যে, সিএনজি স্টেশনের শব্দ দূষণ রোধকল্পে গঠিত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সিএসডি এবং অরুণিমা ফিলিং স্টেশন কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে পত্র দেয়া প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ

(ক) ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বাড়ী/দোকানসমূহের বকেয়া গৃহকর/ভাড়া আদায়ে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।

(খ) বারিধারা ডিওএইচএস এলাকার বাসা বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহ করার নিমিত্তে বোর্ড কর্তৃক সরবরাহকৃত ভ্যানগাড়ীগুলো ডিওএইচএস পরিষদ এর নিয়োগকৃত লোকবল দ্বারা পরিচালনাসহ সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(গ) ডিওএইচএস এলাকার গৃহকর প্রতি ০৩(তিন) বছর অন্তর পুনঃনির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সিইও-কে অনুরোধ করা হলো এবং জরুরী ভিত্তিতে বকেয়া গৃহকরের তালিকা প্রণয়ন করে তা পরিশোধের জন্য বাসা মালিকগণকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) মিরপুর ডিওএইচএস এলাকায় অস্থায়ীভাবে দোকান করার নিমিত্তে ২০´×৩০´ জায়গা প্রাথমিকভাবে ০৩(তিন) বছর এবং পরবর্তীতে আরো ০২(দুই) বছরের জন্য বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, বোর্ডের প্রয়োজনে ৩০(ত্রিশ) দিনের নোটিশে কোন ক্ষতিপূরণ ব্যতিরেকে উক্ত স্থান খালি করে দিতে হবে।

চলমান পাতা-৩

(ঙ) অরুণিমা ফিলিং স্টেশন সংলগ্ন সিএনজি স্টেশনের শব্দ দূষণ রোধকল্পে কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে সিএসডি এবং অরুণিমা ফিলিং স্টেশন কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

এছাড়া ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ ঃ জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি পর্যালোচনা।

আলোচনা ঃ আলোচনায় জানা যায় যে, ৩০ জুন, ২০০৮ তারিখ পর্যন্ত ক্যান্ট বাজার এলাকার গৃহকর বাবদ ১৪,৮৬,০১৪.০০ (চৌদ্দ লক্ষ ছিয়াশি হাজার চৌদ্দ) টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ১০,০৫,২৬৫.০০ (দশ লক্ষ পাঁচ হাজার দুইশত পঁয়ষট্টি) টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৪,৬১,৮০০.০০ (চার লক্ষ একষট্টি হাজার আটশত) টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ৭,১৩,৭৭১.০০ (সাত লক্ষ তের হাজার সাতশত একাত্তর) টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ৩০,৫৭,১৯৮.০০ (ত্রিশ লক্ষ সাতান্ন হাজার একশত আটানব্বই) টাকা এবং দোকান ভাড়া, ২৭,৯০,২৫১.০০ (সাতাশ লক্ষ নব্বই হাজার দুইশত একান্ন) টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া টাকার মধ্যে ফেব্রুয়ারি, ২০০৯ মাস পর্যন্ত গৃহকর বাবদ ১৪,৬০,৭৬৮.০০ (চৌদ্দ লক্ষ ষাট হাজার সাতশত আটষট্টি) টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৫,৫৩,৩৬৬.০০ (পঁনের লক্ষ তেপ্পান্নহাজার তিনশত ছেষট্টি) টাকা আদায় হয়েছে।

সিদ্ধান্ত ঃ বকেয়া গৃহকর এবং দোকান ভাড়া জরুরী ভিত্তিতে আদায়ের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৪ ঃ জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী পর্যালোচনা।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০০৯ মাসের আয় ও ব্যয়ের উপর আলোচনায় অংশ গ্রহণ করে সম্মানিত বোর্ড সদস্য জনাব জিয়াউল ইসলাম চৌধুরী জানান যে, প্রকল্প বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ/অনুদানের অর্থ যথাসময়ে ব্যবহৃত হয় কি না, তা নিশ্চিত করা প্রয়োজন। প্রাপ্ত অনুদান যাতে ফেরত না যায় বা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় নিশ্চিত হয় সে বিষয়ে পদক্ষেপ নেয়া প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ প্রকল্প বাস্তবায়নের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে বরাদ্দকৃত টাকা দ্বারা অর্থ বছরের নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো। এছাড়া জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৫ ঃ জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনা।

আলোচনা ঃ স্টেশন হেলথ অর্গানাইজেন এর প্রতিনিধি মেজর মোঃ জুলফিকার রহমান জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। আলোচনায় অংশ গ্রহণ করে মহাখালী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ) জানান যে, মহাখালী ডিওএইচএস এলাকায় মশার উপদ্রব পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে। উক্ত এলাকায় মশার ব্রিডিং স্পেস চিহ্নিত করা গেলে তাঁদের নিজস্ব লোকবল এবং ঔষধ দিয়ে মশক নিধন কার্যক্রম পরিচালনা করবেন মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসসহ ডিওএইচএস এলাকায় মশার ব্রিডিং স্পেস চিহ্নিত করে সূর্যোদয় ও সূর্যাস্তের সময় মশক নিধন স্প্রে করার সিদ্ধান্ত গৃহীত হলো। ম্যানহোলের হারিয়ে যাওয়া ঢাকনাসমূহ সিএমইএস (আর্মি), ঢাকা এর সাথে সমন্বয় করে এসএইচও-কে পুনঃস্থাপনের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-৪

আলোচ্যসূচী-৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চুক্তি ভিত্তিক আইন উপদেষ্টার নিয়োগের মেয়াদ বর্ধিতকরণ প্রসংগে।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার জানান যে, বোর্ডের চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা মিসেস রেজিনা মাহমুদ এর নিয়োগের মেয়াদ ২৮ মার্চ, ২০০৯ তারিখে উত্তীর্ণ হবে। তৎপ্রেক্ষিতে তিনি গত ২২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে তাঁর চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ পরবর্তী ০২(দুই) বছরের জন্য বৃদ্ধি করার নিমিত্তে আবেদন করেছেন। প্রস্তাবনাটির উপর আলোচনায় অংশ গ্রহণ করে বোর্ডের সম্মানিত সদস্য লেঃ কর্ণেল (অবঃ) সামসুদ্দিন আহমেদ জানান যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান আইন উপদেষ্টা মিসেস রোজিনা মাহমুদ একজন দক্ষ ও অভিজ্ঞ আইনজ্ঞ। তাঁর কার্যকাল সন্তোষজনক বিধায় চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বর্ধিত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চুক্তি ভিত্তিক আইন উপদেষ্টা মিসেস রোজিনা মাহমুদ-কে ২৯ মার্চ, ২০০৯ তারিখ হতে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানীতে পরবর্তী ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে চুক্তি ভিত্তিক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পাকা-২০ নং দোকান পরিচালনার অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পাকা-২০ নং দোকানে অবৈধভাবে অস্ত্র রাখা সংক্রান্ত কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতার কারণে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ৪ জুলাই, ২০০৭ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের প্রেক্ষিতে উক্ত দোকানটি বন্ধ রাখা হয়। পরবর্তীতে যুগ্ম মহানগর দায়রা জজ ২য় আদালত এর ১৫ মে, ২০০৮ তারিখের ১১ নং আদেশের প্রেক্ষিতে উক্ত দোকানটি খুলে দেয়ার জন্য কাফরুল থানার ১৯ জুলাই, ২০০৮ তারিখের পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে অনুরোধ জানান। বিষয়টি গত ২৭ আগস্ট, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে উক্ত দোকানটি বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১০ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের মাধ্যমে উক্ত দোকানটি খুলে দেয়ার ব্যাপারে বিবেচনা করার মত প্রকাশ করা হয়। এ পর্যায়ে বোর্ডের সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন শাহনেওয়াজ, এনডিসি, পিএসসি, জিডি(এন) জানান যে, দোকান খুলে দেয়ার পূর্বে রজনীগন্ধা সুপার মার্কেটে এ জাতীয় ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। সভাপতি, বাজার কমিটি ও বোর্ডের সম্মানিত সদস্য লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম জানান যে, সম্প্রতি রজনীগন্ধা সুপার মার্কেটে চাঁদাবাজির কিছু বিচ্ছিন্ন ঘটনার অভিযোগ পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পাকা-২০ নং দোকানে উদ্ধারকৃত অস্ত্রের সাথে যেহেতু দোকান মালিকের সম্পৃক্ততা নেই তাই উক্ত দোকানটি খুলে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। রজনীগন্ধা সুপার মার্কেটে চাঁদাবাজির বিষয়টি সভাপতি, বাজার কমিটি কর্তৃক প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়কে পত্র মারফত বিস্তারিত অবগত করবেন এবং প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-৮ ঃ বারিধারা ডিওএইচএস এর ৩৬৫/৩ নং প্লটে ডেভলোপার হিসেবে বাড়ী নির্মাণকারী প্রতিষ্ঠান ফোরসাইট ডেভলোপমেন্টস কনসার্ন লিঃ এর জমাকৃত জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ৩৬৫/৩ নং প্লটে ডেভলোপার হিসেবে বাড়ী নির্মাণকারী প্রতিষ্ঠান ফোরসাইট ডেভলোপমেন্টস কনসার্ন লিঃ এর জমাকৃত জামানত ফেরত প্রদানের নিমিত্তে গত ২০ মার্চ, ২০০৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। বিষয়টি গত ২৭ সেপ্টেম্বর, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সংশ্লিষ্ট প্লটের বরাদ্দ গ্রহীতা ও ফ্ল্যাট ক্রেতাদের নিকট হতে এ ব্যাপারে অনাপত্তি ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্লটের বরাদ্দ গ্রহীতা কর্ণেল অনন্ত কুমার কর ৩০ অক্টোবর, ২০০৭ তারিখের ১২২১/ডিওএইচএস/০৭ নং পত্রের মাধ্যমে উক্ত প্লটে বাড়ী নির্মাণ কাজ অসম্পূর্ণ থাকার কারণে অনাপত্তি ছাড়পত্র প্রদান করা সম্ভব নয় মর্মে অত্র দপ্তরকে অবহিত করেন। অতঃপর ০১ জানুয়ারি, ২০০৮ তারিখে উক্ত প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট ক্রেতাগণ এবং ১৭ জানুয়ারি, ২০০৯ তারিখে প্লটের বরাদ্দ গ্রহীতা কর্ণেল অনন্ত কুমার কর (অবঃ) অনাপত্তি ছাড়পত্র প্রদান করেন। এ পর্যায়ে আলোচনায় অংশ্রগহণ করে বারিধারা ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ) জানান যে, বারিধারা ডিওএইচএস এলাকার ৩৫৬/৩ নং প্লটে বাড়ী নির্মাণকারী সংস্থার অনুকূলে প্লট মালিক, ফ্ল্যাট ক্রেতা এবং ডিওএইচএস পরিষদ যেহেতু ছাড়পত্র প্রদান করেছেন সেহেতু ডেভলোপার এর জমাকৃত অর্থ ফেরত দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ফোরসাইট ডেভলোপমেন্টস কনসার্ন লিঃ এর জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪(চার)টি ফ্ল্যাট রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রয় করায় সংশ্লিষ্ট ক্রেতাগণের নামে নামজারী প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট ক্রেতাগণের অনুকূলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং বোর্ডসভার অনুমোদন সাপেক্ষে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। সে মোতাবেক সংশ্লিষ্ট ক্রেতাগণ রেজিস্ট্রিকৃত দলিলমূলে নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ ক্রয় করে তাঁদের নামে নামজারীর জন্য আবেদন করেন ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৬/এ, রোড#৪, ফ্ল্যাট#১/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস কাওসার লুবনা আহমেদ, স্বামী- লেঃ কর্ণেল মোঃ সাইফুল ইসলাম জোয়ারদার বাড়ী#২৬/এ, রোড#৪, ফ্ল্যাট#১/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২৬ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | ২৮ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএ/২৬/এ/ফ্ল্যাট নং-১/সি/১৬ নং পত্র। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে। |
| (২) | বাড়ী#২৬/এ, রোড#৪, ফ্ল্যাট#৫/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লেঃ কর্ণেল মোঃ সাইফুল ইসলাম জোয়ারদার বাড়ী#২৬/এ, রোড#৪, ফ্ল্যাট#৫/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১১ নভেম্বর, ২০০৭ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্র। | ০৯ ডিসেম্বর, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএ/২৬/এ/ফ্ল্যাট নং-৫/সি/২৩ নং পত্র। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে। |

চলমান পাতা-৬

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [illegible] | বাড়ী#৪২/এ, রোড#৮, ফ্ল্যাট#২য় তলা দক্ষিণ পার্শ্ব, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম নূরুন নাহার স্বামী- জনাব মহিবুর রহমান বাড়ী#৪২/এ, রোড#৮, ফ্ল্যাট#২য় তলা দক্ষিণ পার্শ্ব, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৭ ফেব্রুয়ারি, ১৯৯৭ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্র। | ১৪ নভেম্বর, ২০০০ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪২-এ/২৮৮ নং পত্র। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে। |
| [illegible] | বাড়ী#১/বি, রোড#১, ফ্ল্যাট#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | কর্ণেল মোঃ মঈনুল হক (অবঃ) বাড়ী#৪৯/সি, রোড#১০, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। | ২৭ এপ্রিল, ২০০৮ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্র। | ১০ নভেম্বর, ২০০৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১/বি/ফ্ল্যাট নং-৬/এ/৩২ নং পত্র। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে। |

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপর্যুক্ত ফ্ল্যাটসমূহের রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা যথাক্রমে মিসেস কাওসার লুবনা আহমেদ, লেঃ কর্ণেল মোঃ সাইফুল ইসলাম জোয়ারদার, বেগম নূরুন নাহার ও কর্ণেল মোঃ মঈনুল হক (অবঃ) এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লটে নির্মিত বাড়ীর প্রস্তাবিত ফ্ল্যাট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্লট মালিক/আম-মোক্তারগণ আবেদন করেন। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করায় নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে। এ প্রসংগে উল্লেখ্য যে, ক্রমিক নং-৫ এ উল্লেখিত ৫৯ নং প্লটের বিষয়ে উত্তরাধিকারীদের মধ্যে মোকদ্দমা বিদ্যমান থাকায় এ বিষয়ে বোর্ডের আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা যেতে পারে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১) | বাড়ী#৬৯, রোড#৭, ফ্ল্যাট#৩০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব সৈয়দ শফিউর রশিদ বাড়ী#৬৯, রোড#৭, ফ্ল্যাট#৩০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১৭/৬/২০০৮ | মিসেস হোসনে আরা হোসেন স্বামী- শেখ আবু রেজা বাড়ী#৪২/এ, রোড#৮, ফ্ল্যাট#৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২২ জানুয়ারি, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |
| ২) | বাড়ী#৪৩/ই, রোড#৮, ফ্ল্যাট#১/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর জেনাঃ জালাল উদ্দিন আহমেদ (অবঃ) বাড়ী#৪৩/ই, রোড#৮, ফ্ল্যাট#১/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ০২/৭/২০০৮ | মেজর মোঃ ওমর ফারুক পিতা- মরহুম হাফিজ উদ্দিন আখন্দ ডিএসসিএসসি, মিরপুর সেনানিবাস। | ০৯ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ১৩০০/৩০/৩১/নিরাপত্তা নং পত্র। |
| ৩) | বাড়ী#৪৩/ই, রোড#৮, ফ্ল্যাট#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর জেনাঃ জালাল উদ্দিন আহমেদ (অবঃ) বাড়ী#৪৩/ই, রোড#৮, ফ্ল্যাট#১/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১৪/৬/২০০৮ | ডাঃ মোঃ রহমত উল্লাহ, পিতা- মরহুম রশিদ পাটোয়ারী, বাড়ী#৪৩/ই, ফ্ল্যাট#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | ২২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ক নং পত্র। |
| ৪) | বাড়ী#৪৩/ই, রোড#৮, ফ্ল্যাট#২/বি এবং ৪/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর জেনাঃ জালাল উদ্দিন আহমেদ (অবঃ) বাড়ী#৪৩/ই, রোড#৮, ফ্ল্যাট#১/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১১/৩/২০০৮ | জনাব সাইদ সিরাজুল হক ভূইয়া, পিতা- মৃত সিরাজুল হক ভূইয়া, বাড়ী#২১০ (৩য় তলা), রোড # ২ (পূর্ব), ডিওএইচএস বারিধারা, ঢাকা-১২০৬। | ২২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| ৫। | বাড়ী#৫৯, রোড#৭, ফ্ল্যাট#৪/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ইঞ্জিনিয়ার মোঃ আজিজুর রহমান (মিসেস প্রীতি করিম এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, এপার্টমেন্ট ডিজাইন এন্ড ডেভঃ লিঃ, বাড়ী # ৫৯, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা। ১৮/২/২০০৭ | মেজর ইভা জেসমিন, স্বামী- মেজর মোজাহেদুল হক, "নগর আবলুম", ফ্ল্যাট#বি-৭, রোড#১, ব্লক#এ, প্লট#৩৬এ, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২ | ০৬ মার্চ, ২০০৮ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্র। |

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ হতে ৪ এ উল্লেখিত ফ্ল্যাটসমূহ প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৫ এ উল্লেখিত ফ্ল্যাটটির বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত গ্রহণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকার ৩৩(তেত্রিশ)টি আবাসিক বাড়ীর নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় বোর্ডের নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, উল্লেখিত নকশাসমূহ সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। আলোচনায় অংশ গ্রহণ করে সিএমইএস (আর্মি), ঢাকা ও বোর্ডের সম্মানিত সদস্য লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম জানান যে, নিম্নবর্ণিত নকশাসমূহ কারিগরীভাবে সঠিক থাকলে তা অনুমোদন করা যেতে পারে ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বিডি নং-৭০৪৬ গ্রুপ ক্যাপ্টেন সৈয়দ আনোয়ার শামীম | ৩৬৮ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ২। | বেগম মমতাজ বেগম | ৪৮৫ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ৩। | বিএসএস-১৭৭৬ লেঃ কর্ণেল সৈয়দ বদরুল আমিন | ৭৫৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ৪। | পি নং-৩৫৫ ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমদ | ৭৬৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ৫। | বিএসএস-১২৯৬ মেজর (অবঃ) মুর্তাজা আল মাহমুদ | ১৮১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ৬) | বিএসএস-১৭৫৫ লেঃ কর্ণেল পরিমল বিকাশ চাকমা | ২৮২ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএসএস-১৭৫৮ লেঃ কর্ণেল শহীদ জাহাঙ্গীর | ২৮৪ | | |
| ৭) | বিএসএস-১৪৮৭ লেঃ কর্ণেল মোঃ কাদেরুজ্জামান (অবঃ) | ২৪৫ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএসএস-১৭৭১ লেঃ কর্ণেল মোঃ মাহফুজ হোসেন (অবঃ) | ২৯৮ | | |
| ৮) | বিএ-১৬৪৪ কর্ণেল মোঃ আব্দুল বাতেন (অবঃ) | ৫৩২ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএসএস-১৮৬২ মেজর খন্দকার আফজাল হোসেন (অবঃ) | ৫৩৪ | | |
| ৯) | বিএ-১৬৩৮ লেঃ কর্ণেল শেখ আমজাদ হোসেন | ৫৬৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন নির্মাণ (আভ্যন্তরীন পরিবর্তন)। |
| | বিএ-১৯১৩ লেঃ কর্ণেল সৈয়দ মোহাম্মদ রেজাউল আলম | ৫৬৯ | | |
| ১০) | বিএসএস-১৮২৮ মেজর (অবঃ) মির্জা মোঃ আশরাফুল হক | ৭৮৭ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ১১) | বিডি-৭০০০ গ্রুপ ক্যাপ্টেন মঈনুদ্দিন আহমেদ | ৩৬৬ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ১২) | বিএসএস-১৩২৪ মেজর কাজী আলী হায়দার (অবঃ) | ১৭৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| ১৩) | বিএসএস-১৩৪৬ মেজর মোঃ খোরশেদ আলম (অবঃ) | ১৪৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |

চলমান পাতা-৮

| [illegible] | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| [illegible] | বিএ-২০৬০ মেজর জেনাঃ আবু তাসলিম মোহাম্মদ আমিন | ৫৬৩ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | (১) মিসেস ইয়াসমিন আলম<br>স্বামী- মরহুম ব্রিগেঃ জেনাঃ মোঃ মনিরুল আলম<br>(২) মাহিন আলম<br>(৩) রাইসা আলম<br>পিতা- মরহুম ব্রিগেঃ জেনাঃ মোঃ মনিরুল আলম | ৫৬৫ | | |
| [illegible] | বিএসএস-১৭১০ লেঃ কর্ণেল আবু তাহের (অবঃ) | ২৭৪ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৭৫২ কর্ণেল মেহের মহব্বত হোসেন (অবঃ) | ২৭৬ | | |
| [illegible] | বিডি- ৭০৮৪ গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাসিদুর রহমান | ৭৮৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | বিএসএস-১৮৭২ লেঃ কর্ণেল মোঃ আমির ফয়সাল (অবঃ) | ৪৪৬ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯৯৬ লেঃ কর্ণেল মির্জা মোঃ মঞ্জুর কাদির | ৪৪৭ | | |
| [illegible] | বিএসএস-১৯৬৫ লেঃ কর্ণেল আকরাম হোসেন আহম্মেদ | ৬৪৫ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | বিএ-১৮০৫ মেজর মোহাম্মদ মোরশেদুর রহমান | ৭৮৫ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯১৫ কর্ণেল মোঃ মঞ্জুর কাদির | ৭৮৬ | | |
| [illegible] | বিডি-৬০২৪ উইং কমান্ডার এস এন হুদা (অবঃ) | ৩৭২ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | বিএ-১৮৭৮ লেঃ কর্ণেল (অবঃ) মাহমুদ উল আলম | ৬৩৩ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯১৬ ব্রিগেঃ জেনাঃ সৈয়দ গোলাম ফারুক | ৬৩৫ | | |
| [illegible] | বিএসএস-১৮৪৯ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আক্তারুজ্জামান খান | ৫৪৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | বিএ-১০০২৯৮ কর্ণেল আশরাফুল হক | ৫২১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | বিডি-৭১৬১ গ্রুপ ক্যাপ্টেন নূরুল আজম সরকার (অবঃ) | ৫১৮ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএ-১৯৯৯ ব্রিগেঃ জেনাঃ এইচ এম মকবুল হোসেন | ৫২০ | | |
| [illegible] | (১)মিসেস মোহসিনা জামাল<br>স্বামী- মরহুম মোস্তফা জামাল উদ্দীন<br>(২) জীবন মোস্তফা, (৩)মোস্তফা আল মর্তুজা, (৪) মোস্তফা আল মুজতবা<br>সর্বপিতা- মরহুম মোস্তফা জামাল উদ্দীন | ৪০৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | জনাব মোঃ মোবারক হোসেন | ৩৯৭ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | জনাব মোঃ নূর বক্স | ৩৯৯ | | |
| [illegible] | পি নং-২৪১ ক্যাপ্টেন মোঃ মোস্তাফিজুর রহমান | ৬৮১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| [illegible] | বিএ-১৯১৭ লেঃ কর্ণেল মোঃ দিদারুল আলম | ৭৪৩ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ। |
| | বিএসএস-১৮৬৩ মেজর (অবঃ) এ কে এম ফজলে কাদির | ৭৪৫ | | |
| [illegible] | বিডি-৪৮৬৬ গ্রুপ ক্যাপ্টেন এ এস এম মাহবুবুর রহমান (অবঃ) | ৪০৭ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (১ম তলার উপর হতে ৬ষ্ঠ পর্যন্ত নির্মাণ) |
| [illegible] | বিএ-১৪৪ ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ মোসাহিদ চৌধুরী গং | ১৩৯ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৩ তলা পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| [illegible] | বিএ-১৪৬৭ মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ) গং | ৩৯২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| [illegible] | মিসেস রাবেয়া হোসেন<br>স্বামী- মেজর এফ আই এম নাজির হোসেন | ২০ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (২ তলা পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| [illegible] | জনাব মোঃ সামসুদ্দিন গং | সিবি-২২২, ২২৩ সিএস দাগ নং-১৪০ | কচুক্ষেত পুরান বাজার | ০৬(ছয়) তলা নতুন আবাসিক ভবন নির্মাণ। |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ৩৩(তেত্রিশ)টি আবাসিক ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ সভায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত ০৮(আট)টি প্রকল্পের মূল্যানুমানের উপর বিস্তারিত আলোচনা করা হয়। ক্রমিক নং-১ এর কাজটি জরুরী ভিত্তিতে শুরু করে শেষ করা প্রয়োজন মর্মে একমত পোষণ করা হয়। ক্রমিক নং ৫ ব্যতীত অবশিষ্ট ৭টি প্রকল্পের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য জরুরী ভিত্তিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা দরকার মর্মে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান। ক্রমিক নং-৫ এর প্রকল্পটির মূল্যানুমান ২০০৯-২০১০ আর্থিক সালের বাজেটে অন্তর্ভুক্ত করার নির্দেশনা পাওয়া গেছে।

চলমান পাতা-৯

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুসলিম মডার্ণ একাডেমীর খেলার মাঠের পূর্ব পার্শ্বের সীমানা দেয়াল ও নেটের ফেন্সিং স্থাপন কাজসহ মধ্যবর্তী পুরাতন দেয়াল অপসারণ ও দক্ষিণ পার্শ্বের পুরাতন দেয়ালে কাঁটা তার স্থাপন কাজ। | ৩,৬০,৫৯১/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (২) | মুসলিম মডার্ণ একাডেমীর শ্রেণী কক্ষের জানালা স্থাপন এবং ফ্লোরে পিসিসিসহ অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৯৯,৬০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (৩) | বনানী কবরস্থানে কবরের ৩টি নতুন লেইন তৈরীকরণসহ একটি পুরাতন লেইন মেরামত কাজ। | ৩,৪৯,০৪৬/- টাকা | অনুদান |
| (৪) | বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-১৩ (পশ্চিম পার্শ্ব) উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৪,২০,৮৭৮/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল। |
| (৫) | সেনাপল্লী হাই স্কুলের রংকরণ, মেরামত ও রক্ষণাবক্ষেণ কাজ। | ৯১,৫৫৬/- টাকা | অনুদান |
| (৬) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের বিদ্যমান নিচতলার উপর ২য় তলা নির্মাণ কাজ। | ৪৫,৬৭,১৭৪/- টাকা | অনুদান |
| (৭) | (ক) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং প্লটের উত্তর পার্শ্বের ক্যান্টনমেন্ট বোর্ড কর্মকর্তা/কর্মচারীদের জন্য ০৬(ছয়) তলা ভিতের দ্বিতীয় শ্রেণীর আবাসিক বাসস্থানের বিদ্যমান ৪র্থ তলার উপর ৫ম তলা নির্মাণ। | ২২,৪৫,২৫৩/- টাকা | সর্বমোট ৩৫,০০,০০০/- টাকার অনুদান পাওয়া গেছে। |
| | (খ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং প্লটের উত্তর পার্শ্বের ক্যান্টনমেন্ট বোর্ড কর্মকর্তা/কর্মচারীদের জন্য ০৬(ছয়) তলা ভিতের দ্বিতীয় শ্রেণীর আবাসিক বাসস্থানের ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ। | ২৭,০৯,৭২০/- টাকা | |
| (৮) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ও এমইও অফিসের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ১৪ (চৌদ্দ)টি আধা পাকা টিনশেড বাসস্থান নির্মাণ। | ৫২,৮৪,১৩৫/- টাকা | ২০,০০,০০০/- টাকার অনুদান পাওয়া গেছে। |

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-৫ ব্যতীত অবশিষ্ট ০৭(সাত)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৩ ঃ প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত ১৯(উনিশ)টি প্রকল্পের জন্য গত ০৮ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে দরপত্র গ্রহণ করা হয়। কাজটি জরুরী ভিত্তিতে শুরু করা প্রয়োজন বিধায় দরপত্রে প্রাপ্ত সর্বনিম্নসমূহ মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় অনুমোদন করেন এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২০৮-১১/শা-৮/৯০ নং পত্রের মাধ্যমে উল্লেখিত প্রকল্পসমূহের ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। এ পর্যায়ে আলোচনায় অংশগ্রহণ করে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রকল্পগুলোর বিপরীতে প্রাপ্ত সর্বনিম্ন দর বাজার দরের চেয়ে অনেক নিম্নে বিধায় মান সম্মত কাজ আদায় করা দুরূহ ব্যাপার। এ প্রসংগে মহাখালী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ) জানান যে, ডিওএইচএস পরিষদ এর পক্ষ হতে সঠিকভাবে কাজ আদায়ে সর্বাত্মক সহযোগিতা করা হবে এবং এ যাবৎ সম্পাদিত কাজের মান সন্তোষজনক।

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৫ ও ২৬ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৭,১৬,০৫৪/৫৮ টাকা | দি মুন এন্টারপ্রাজই | ৫,৭১,৬০৩/১৮ টাকা | অনুদান/ ডিওএইচএস জরিমানা তহবিল |
| (২) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৭ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১৭,৭৫,৮৮৮/৭১ টাকা | মেসার্স ইরা এন্টারপ্রাইজ | ১৩,২৩,৭৫০/- টাকা | -ঐ- |
| (৩) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৪ এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৪,৭৯,০০৪/১৩ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৩,৭৬,১৯০/০২ টাকা | -ঐ- |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২৭ হতে ২৮ পর্যন্ত সংযোগ সড়কের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৩,৭১,২০৭/৭৯ টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ২,৯২,৯৪৪/৪৬ টাকা | -ঐ- |
| (৫) | মহাখালী ডিওএইচএস এর ২২ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৯,২৩,৭৮৬/৮৯ টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৭,২৮,৬৮৭/২০ টাকা | -ঐ- |

চলমান পাতা-১০

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬) | মহাখালী ডিওএইচএস এর ২১ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ১৪,২৮,৩৩৪/১৬ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৯,৯৬,৮০৮/৬৮ টাকা | অনুদান/ ডিওএইচএস জরিমানা তহবিল |
| ৭) | মহাখালী ডিওএইচএস এর ২০ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৬,৯৯,৬৪৩/৯৭ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৫,৫৮,১৩৮/৬৪ টাকা | -ঐ- |
| ৮) | মহাখালী ডিওএইচএস এর ১৯/সি নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৩,৩১,৭৮৪/৯৯ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ২,৬৮,৪৭৯/০৪ টাকা | -ঐ- |
| ৯) | মহাখালী ডিওএইচএস এর ১৯/বি নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,৬৫,৭৭৩/৮৫ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৩,৭৫,৪৭০/৫৬ টাকা | -ঐ- |
| ১০) | মহাখালী ডিওএইচএস এর ১৯/এ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,০৭,৯৮৫/০৯ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৩,২৮,২৬৯/৭৬ | -ঐ- |
| ১১) | মহাখালী ডিওএইচএস এর ১৯ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,১৩,৫৯০/৮৭ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৩,৩২,৫৬৭/১৬ টাকা | -ঐ- |
| ১২) | মহাখালী ডিওএইচএস এর ১৮ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,১৩,৫৯০/৮৭ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৩,৩২,৫৬৭/১৬ টাকা | -ঐ- |
| ১৩) | মহাখালী ডিওএইচএস এর ১৬ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৫১,৩৮৯/২৯ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ১,২২,৫৯৯/৬০ টাকা | -ঐ- |
| ১৪) | মহাখালী ডিওএইচএস এর ৯ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৬৯,২৪০/৪৩ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ২,১২,৮৪৯/৯৯ টাকা | -ঐ- |
| ১৫) | মহাখালী ডিওএইচএস এর লেক রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৮,৯৩,৪৮৭/৪৩ টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ৬,৩২,৭৫৭/৪০ টাকা | -ঐ- |
| ১৬) | মহাখালী ডিওএইচএস এর ইষ্টার্ণ রোড (১নং রোডের মাথা হতে পার্ক রোডের মাথা পর্যন্ত) মেরামত ও কার্পেটিং কাজ। | ১৩,০৬,৯০৬/১৭ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ১০,৪১,৩২৩/৮৪ টাকা | -ঐ- |
| ১৭) | মহাখালী ডিওএইচএস এর সেন্ট্রাল রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ১০,৫৫,৬০৮/০২ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৮,৪৩,৬০৬/৭২ টাকা | -ঐ- |
| ১৮) | মহাখালী ডিওএইচএস এর বনানী এমপি চেক পোষ্ট হতে গার্ড রুম পর্যন্ত লিংক রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ১৭,৩৮,৫৬৬/৩০ টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ১৩,০৭,০০২/২০ টাকা | -ঐ- |
| ১৯) | মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব হতে মসজিদ রোড পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৩৪,২৭,৮৯৯/- টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ২৫,৮২,৯৬৩/৬৪ টাকা | -ঐ- |

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৯(উনিশ)টি প্রকল্পের সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদন করা হলো। এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত ২২(বাইশটি) প্রকল্পের বিপরীতে প্রাপ্ত দরসমূহ সভায় উপস্থাপন করা হয়। প্রস্তাবনাটির উপর আলোচনায় অংশগ্রহণ করে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, উল্লেখিত প্রকল্পগুলোর দাপ্তরিক মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ অনুযায়ী হওয়ায় ঠিকাদার কর্তৃক দাখিলকৃত সর্বনিম্ন দর মূল্যানুমানের চেয়ে কোন কোন ক্ষেত্রে ২০% এর অধিক হয়েছে। দাপ্তরিক মূল্যানুমান বাজার দরের উপর ভিত্তি করে প্রস্তুত করা হলে ঠিকাদার কর্তৃক প্রদত্ত দর এতো বেশী উর্ধ্ব হতো না।

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১) | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের দরজা জানালা পুনঃনির্মাণ কাজ। | ৫০,০০০/- টাকা | মেসার্স কাশেম এন্ড সন্স | ৫৮,৩৩৮/৩১ টাকা | অনুদান |
| ২) | শহীদ আনোয়ার গার্লস কলেজের পশ্চিম পার্শ্বে বিদ্যমান স্থানান্তরযোগ্য পাকা রোড ডিভাইডার শহীদ সরণির ব্রডওয়ে বিল্ডিং এর সম্মুখ হতে সেনাকুঞ্জ প্রবেশ গেইট পর্যন্ত পুনঃ স্থাপনসহ নতুন ডিভাইডার নির্মাণ ও স্থাপন। | ৭০,৯৯২/- টাকা | মেসার্স দি আজাদ কনস্ট্রাকশন কোং | ৮১,৯৯৪/৯৯ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ। |

চলমান পাতা-১১

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলে বৈদ্যুতিক লো-ভোল্টেজ রোধকল্পে মেইন লাইন সিঙ্গেল ফেইজের স্থলে থ্রিফেজ করণ। | ১,৯৬,৭৬৫/- টাকা | মেসার্স খান ট্রেডার্স | ২,২২,১০৭/৩০ টাকা | বিদ্যালয় তহবিল |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৩ নং পানির পাম্প স্থাপনের ফলে পানির প্রেসার বৃদ্ধি পাওয়ায় পুরাতন পানির লাইনে সৃষ্ট লিক মেরামতসহ পানির লাইন সংস্কার কাজ। | ১,৯৯,৮৬২/- টাকা | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ২,২৮,১৯৮/৯৫ টাকা | বরাদ্দকৃত অনুদান হতে। |
| ৫। | মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের প্লট নং-৫৫২ ও ৫৫৩ এর পার্শ্বে ২য় মসজিদ নির্মাণ কাজ। | ১৬,২৫,০০০/- টাকা | দি এসোসিয়েটস্ | ১৯,৪৬,৭৫৭/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি ১০টনী রোড রোলার সরবরাহ কাজ। | বাজার দর | দি মুন এন্টারপ্রাইজ | ৫৮,৯৮,৮৬২/- টাকা | অনুদান |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭নং বিল্ডিংয়ের ২য় তলার রেকর্ড রুমকে সহকারী পরিচালক (প্রশাসন) এর কক্ষ হিসাবে ব্যবহারের জন্য রুম, টয়লেট মেরামত, সংস্কার ও রং এর কাজ। | ১,৫৫,৫৩১/- টাকা | মেসার্স আকবর এন্ড কোং | ১,৬৯,৯৩২.২২ টাকা | স্থানীয় আয় |
| ৮। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর বাৎসরিক মেরামত, সংস্কার ও রংকরন কাজ। | ২,০০,০০০/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ২,১৯,৯১০/-টাকা | বাজেট বরাদ্দ |
| ৯। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ। | ৫০,০০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৫৮,৪২৭.৯৭ টাকা | বাজেট বরাদ্দ |
| ১০। | রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ। | ২০,০০০/- টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ২২,২৯৫/৪৮ টাকা | বাজেট বরাদ্দ |
| ১১। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাৎসরিক মেরামত, সংস্কার ও রংকরণ। | ২,০০,০০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২,১৯,৯৭৪/৯৮ টাকা | মেরামত ও রক্ষনাবেক্ষন খাত |
| ১২। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর টয়লেটসমূহে টাইলস স্থাপন কাজ। | ২,৮১,২২৯/- টাকা | মেসার্স লাকী ট্রেডার্স | ৩,২২,৯৯১/৫৫ টাকা | বিদ্যালয় তহবিল |
| ১৩। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের টয়লেটসমূহে টাইলস স্থাপন কাজ। | ২,১০,০০০/-টাকা | মেসার্স মনির এন্ড কোং | ২,৪০,৫৮৬/৯৯ টাকা | কলেজ তহবিল |
| ১৪। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের টয়লেটসমূহে টাইলস স্থাপন কাজ। | ১,৯৭,৩৪০/-টাকা | মেসার্স আলম ব্রাদার্স | ২,৩৭,৭৩৭/৯৮ টাকা | বিদ্যালয় তহবিল |
| ১৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ-২ নং বাসার মেরামত সংস্কার ও রংকরণ কাজ। | ২৭,৮৯৫/-টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৩০,৬৫১/৪৩ টাকা | মেরামত ও রক্ষণবেক্ষণ খাত |
| ১৬। | বারিধারা ডিওএইচএস এলাকার শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ। | ৩৩,৬০২/- টাকা | মেসার্স সাহাব উদ্দিন এন্টারপ্রাইজ | ৩৬,৯১১/৬৯ টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি-৪, ৬৫/ডি-১৭ ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার-১ এর মেরামত ও রংকরণ কাজ। | ৭৪,৪৯৪/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৮৮,৭৫৩/১৭ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-১, ২৬/ডি-৩, ২৬/ডি-৭ নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৭৯,৭৫৩/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ৯৪,৮৩২/৭৯ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৯। | বারিধারা ডিওএইচএস এলাকায় ডাস্টবিন নির্মাণ কাজ। | ৩,০৩,৪৬৫/- টাকা | মেসার্স কাশেম এন্ড সন্স | ৩,৫১,৯৩৫/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ২০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/এ-২ (নিচতলা-পশ্চিম পার্শ্ব) নং বাসার উত্তর পার্শ্বে একটি রুম ও টয়লেট বর্ধিতকরণ কাজ। | ৩,৭৭,২০৩/- টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৪,৪১,১৩৫/০৩ টাকা | অনুদান |
| ২১। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টারের ৩য় তলা নিমাণ। | ১৬,৫২,৭২১/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ১৯,৩৪,৬৬৯/৮০ | অনুদান (১টি মাত্র দরপত্র পাওয়া গিয়েছে) |
| ২২। | ঢাকা সেনানিবাস কবরস্থানে গাড়ী পার্কিং এর জন ২০ সে. মি. পুরো ইঁটের সলিংকরণ কাজ। | ২,৪৮,৪৯৮/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন | ২,৯৩,৯৭৩/৪০ টাকা | অনুদান |

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-৭, ৮, ১১, ১৫ ও ১৬ এর প্রদত্ত সর্বনিম্ন দর মূল্যানুমানের ১০% উর্ধ্বের নিচে থাকায় তা অনুমোদন করা হলো। ক্রমিক নং-১৪ এর কাজটির প্রদত্ত সর্বনিম্ন দর বেশী বিবেচিত হওয়ায়, ক্রমিক নং-৬ এর রোড রোলার সরবরাহ কাজের জন্য কোন রোলার সরবরাহকারী প্রতিষ্ঠান/এজেন্ট/ডিলার দর প্রদান না করায় এবং ক্রমিক নং-২১ এর ক্ষেত্রে ০১(এক)টি মাত্র দরপত্র পাওয়ায় পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২২ এর প্রকল্পের কাজটি আপাততঃ প্রয়োজন নেই বিধায় তা বাদ দেয়া যেতে পারে। অবশিষ্ট ১৪(চৌদ্দ)টি কাজের সর্বনিম্ন দর সিএমইএস (আর্মি) এর মতামত গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন মেরামত/প্রকল্পের বিপরীতে জমাকৃত জামানত ফেরত প্রদান প্রসংগে।

ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত ০৪(চার)টি প্রকল্পের বিপরীতে জমাকৃত জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় এবং ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে ঃ-

| [illegible] | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| [illegible] | শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজের গেইট সংলগ্ন ফুটপাতের রেলিং স্থাপন ও গেইট মেরামত কাজ। | ১,৯৬১/- টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স |
| [illegible] | বনানী ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোড, ইস্টার্ণ রোড, রোড নং-, ২, ৩ ও ৬ এর মেরামত ও কার্পেটিং কাজ। | ৩,৯৬,৫৬৯/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স |
| [illegible] | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পশ্চিমাংশে ২১ নং বাড়ীর উত্তর পার্শ্বে ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ৯,০৩৩/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং |
| [illegible] | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের পশ্চিমাংশ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৮,৪৯০/- টাকা | মেসার্স লাকী ট্রেডার্স |

ঃ উপরোল্লিখিত ০৪(চার)টি প্রকল্পের বিপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

সূচী-১৬ ঃ বারিধারা ডিওএইচএস এর উত্তর পার্শ্বে ১২২/১ ও ১২২/২ নং প্লটের পিছনে খালি জায়গায় অননুমোদিত ব্যাডমিন্টন কোর্ট নির্মাণ অপসারণ প্রসংগে।

চনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ১২২/১ ও ১২২২ নং প্লটের পিছনের খালি জায়গায় অননুমোদিতভাবে একটি ব্যাডমিন্টন কোর্ট তৈরী করা হয়েছে, যা চারদিকে দেয়াল এবং উপরে ছাদ দেয়া হয়েছে এতে করে পার্শ্ববর্তী প্লটে নির্মিত বাড়ীতে আলো বাতাস প্রবেশ বাঁধাগ্রস্থ হচ্ছে। এছাড়া খেলার সময় প্রায়শঃই চিৎকার চেঁচামেচিতে আবাসিক এলাকার স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হচ্ছে। আলোচনায় অংশগ্রহণ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, বারিধারা ডিওএইচএস এর মাস্টার প্ল্যানে উল্লেখিত স্থানে ব্যাডমিন্টন কোর্টের কোন সুযোগ রাখা হয়নি। উক্ত স্থানটি উন্মুক্ত স্থান হিসেবে রাখা হয়েছে। এ বিষয়ে মাননীয় স্টেশন কমান্ডার কিউএমজি মহোদয়ের সঙ্গে আলোচনা করেছেন এবং কিউএমজি মহোদয় উক্ত স্থাপনা অপসারণের পক্ষে অভিমত ব্যক্ত করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো।

ন্ত ঃ বারিধারা ডিওএইচএস এর ১২২/১ ও ১২২/২ নং প্লটের উত্তর দিকের খালি জায়াগায় নির্মিত ব্যাডমিন্টন কোর্ট এর স্ট্রাকচার, ছাদ ও পার্শ্বস্থ দেয়াল অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি বারিধারা ডিওএইচএস পরিষদ-কে অবহিত করা হোক এবং অতিদ্রুত তা অপসারণ করে ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-১৩

আলোচ্যসূচী-১৭ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত কতিপয় আবাসিক ভবনের বকেয়া পানির বিল আদায়ে জটিলতা প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার কিছু সংখ্যক আবাসিক ভবনের কতিপয় ফ্ল্যাট মালিক নিয়মিতভাবে পানির বিল পরিশোধ করেন না। তাদেরকে একাধিকবার পত্র দেয়া হয়েছে। সভায় উক্ত ফ্ল্যাট মালিকদের পানির সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে মত প্রকাশ করা হয়। তবে তাদেরকে শেষ বারের মতো নোটিশ প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিষয়টি সংশ্লিষ্ট বাড়ীর ফ্ল্যাট মালিক সমিতি-কে নিকট জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। সমস্যার সমাধানে ব্যর্থ হলে অর্থাৎ বকেয়া আদায়ে ব্যর্থ হলে মূল লাইন কর্তন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ ধরনের অন্য কোন বাড়ী থাকলে সে ক্ষেত্রেও এ ব্যবস্থা করা হবে।

আলোচ্যসূচী-১৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোড এবং ২ নং রোডে অবস্থিত (৬৩ কিলোওয়াটের) গভীর নলকূপের ২টি পুরাতন সাবমারসিবল পানির পাম্প মেরামতসহ রিওয়্যান্ডিং এবং একটি পুরাতন কন্ট্রোল প্যানেল বোর্ড মেরামত প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, বর্তমানে ক্যান্টনমেন্ট বোর্ডের ২টি সাবমারসিবল পাম্পের একটি প্যানেল বোর্ড মেরামতের অপেক্ষায় আছে। অনেক সময় দেখা যায় যে, হঠাৎ করে তিনটি পাম্পের যে কোন একটি বিকল হয়ে গেলে তখন ঐ পাম্প ঠিক করতে ৩/৪ দিন লেগে যায়; কিন্তু বিকল্প পাম্প থাকলে ২৪ ঘন্টার মধ্যে পানি সরবরাহ চালু করা যায় এবং এলাকাবাসীর পানির কষ্ট দূর হয়। এ জন্য পুরাতন ২টি পাম্পের একটি প্যানেল বোর্ড মেরামত করা প্রয়োজন। উক্ত কাজের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২০ জানুয়ারি, ২০০৯ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মিলনার্স পাম্প লিঃ কর্তৃক (১ নং পাম্প ১,২০,৫২২/- + ১,০১,১৮৫/- + ৫৬,৭০৫/-) = ২,৭৮,৪১২/- (দুই লক্ষ আটাত্তর হাজার চারশত বার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত দর অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মিলনার্স পাম্প লিঃ কর্তৃক দাখিলকৃত ২,৭৮,৪১২/- (দুই লক্ষ আটাত্তর হাজার চারশত বার) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে যথাযথ/প্রচলিত নিয়মন নীতি অনুসরণ করে কার্যাদেশ দেয়া হোক।

আলোচ্যসূচী-১৯ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন এবং ক্যাবল টিভি সার্ভিস প্রদানের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৮ এর সিদ্ধান্তক্রমে মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের নিমিত্তে মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত চাওয়া হলে ১৮ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে ইতিবাচক মতামত প্রদান করা হয়। চূড়ান্ত অনুমোদন প্রদানের পূর্বে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে আইওটা ডিশ ক্যাবলস, ৬৯ মাটিকাটা বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬ কর্তৃক ২৫ জানুয়ারি, ২০০৯ তারিখে এবং গ্লোবাল ট্রেড এন্ড কমার্স সেন্টার, ১৩/এ প্ল্যানার্স টাওয়ার (১৮ তলা, স্যুট-২), সোনারগাঁও রোড, ঢাকা কর্তৃক ০৮ মার্চ, ২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করা হয়েছে।

চলমান পাতা-১৪

(ক) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি এবং বোর্ডের অনুমোদিত শর্তাবলী পালন সাপেক্ষে তালুকদার ট্রেডিং করপোরেশন-কে মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) আইওটা ডিশ ক্যাবলস এবং গ্লোবাল ট্রেড এন্ড কমার্স সেন্টার-কে মিরপুর ডিওএইচএস পরিষদ এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র প্রাপ্তি এবং বোর্ডের অনুমোদিত শর্তাবলী পালন সাপেক্ষে মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের অনুমতি দানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজের জন্য ০২(দুই)টি ট্রাক ক্রয়েব দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজের জন্য ০২(দুই)টি ট্রাক ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে প্রগতি ইন্ডাস্ট্রিজ কর্তৃক প্রতিটি গাড়ীর জন্য ১৪,৮০,০০০/- (চৌদ্দ লক্ষ আশি হাজার) টাকার সর্বনিম্ন দর প্রদান করা হয়। এ প্রসংগে উল্লেখ্য যে, প্রগতি ইন্ডাস্ট্রিজ কর্তৃক দাখিলকৃত গাড়ীর মডেলটি দরপত্রে উল্লেখিত মডেলের সমমানের নয়। এছাড়া নিটল মটরস লিঃ কর্তৃক প্রতিটি ট্রাক ১৬,৫০,০০০/- (ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকার দ্বিতীয় সর্বনিম্ন দর দাখিল করা হয়, যা দরপত্রে উল্লেখিত মডেলের অনুরূপ। প্রস্তাবনাটির উপর আলোচনায় অংশ গ্রহণ করে বোর্ডের সম্মানিত সদস্য সিএমইএস (আর্মি), ঢাকা লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম জানান যে, ০২(দুই)টি ট্রাক ক্রয়ের নিমিত্তে আহ্বানকৃত দরপত্রে কারিগরী ক্রুটি থাকায় ট্রাকের বিস্তারিত স্পেসিফিকেশন নির্ধারণ করে পুনঃ দরপত্র আহ্বান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সিএমইএস (আর্মি), ঢাকা এর সহায়তায় স্পেসিফিকেশন প্রস্তুত করে পুনঃ দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কশাই খানায় গরু/ছাগল জবাই কর আদায় প্রসংগে

আলোচনা ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে,, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কশাইখানায় পশু জবাই করার পর অত্র দপ্তরের সুপারভাইজারের উপস্থিতিতে সীল মারা হয়। কিন্তু জবাইখানায় এ বাবদ কোন ফি আদায় করা হয় না। এ প্রসংগে উল্লেখ্য যে, সিটি কর্পোরেশন এলাকার জবাইখানায় গরু/ ছাগল জবাই করা হলে নির্ধারিত হারে ফি আদায় করা হয়। বিষয়টির উপর আলোচনায় অংশ গ্রহণ করে বোর্ডের সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন শাহনেওয়াজ, এনডিসি, পিএসসি, জিডি(এন) এবং জনাব জিয়াউল ইসলাম চৌধুরী জানান যে, রজনীগন্ধা সুপার মার্কেট যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালনাধীন একটি মার্কেট তাই উক্ত মার্কেটের কশাইখানায় পশু জবাই এর জন্য ঢাকা সিটি কর্পোরেশন এর অনুরূপ ফি আদায় করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের কশাইখানায় পশু জবাই এর জন্য ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক বর্তমানে আদায়কৃত হারে অর্থাৎ প্রতিটি গরুর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং খাসীর জন্য ১০/- (দশ) টাকা হারে ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৫

-২২ ঃ ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের বিরুদ্ধে দাখিলকৃত আপত্তি প্রসংগে।

ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে অত্র দপ্তরের ০২ জুলাই, ২০০৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/হার্ডস্ট্যান্ড-১/৪ নং পত্রের মাধ্যমে জনাব শাহ মানিক, পিতা- পীরজাদা শাহ আহমেদ সরোয়ার্দী-কে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কামার পট্টির পিছনে ১০´ x ১৫´ জায়গা সম্পূর্ণ অস্থায়ীভাবে বরাদ্দ দেয়া হয়, যাতে বোর্ডসভার কোন অনুমোদন ছিল না। পরবর্তীতে উক্ত স্থানে স্থানান্তরিত ৩০টি দোকানের ব্যবসায়ীগণ জেনারেটর হতে নির্গত ধোঁয়া এবং শব্দের কারণে অসুবিধা হওয়ায় তা অপসারণের জন্য গত ২০ জানুয়ারি, ২০০৯ তারিখে আবেদন করেন। উক্ত স্থানে জেনারেটর ব্যবসা বন্ধ করার পক্ষে সভায় একমত পোষণ করা হয়।

ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কামার পট্টির আলোচ্য ১৩/১৬ নং দোকানে জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের ব্যবসা বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

সূচী-২৩ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা বরাদ্দের নীতিমালা প্রণয়ন প্রসংগে।

ঃ বিষয়টির উপর আলোচনাক্রমে জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৭৩-৪/শা-২/১৪৫ নং পত্রের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বাসা বরাদ্দের একটি নীতিমালা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বাসা বরাদ্দের নীতিমালা প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সভাপতি |
| (২) | অধ্যক্ষ<br>শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ। | -- | সদস্য |
| (৩) | নির্বাহী প্রকৌশলী<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | চীফ মেডিক্যাল অফিসার<br>ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টঃ। | -- | সদস্য |
| (৫) | রেভিনিউ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৬) | হিসাব রক্ষণ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৭) | প্রধান শিক্ষক (সকল)<br>.........................................., ঢাকা ক্যান্টঃ। | -- | সদস্য |

উক্ত কমিটি আগামী ১৫(পঁনের) দিনের মধ্যে বাসা বরাদ্দের একটি খসড়া নীতিমালা প্রণয়ন করে অনুমোদনের নিমিত্তে আগামী বোর্ডসভায় উপস্থাপন করবেন।

চলমান পাতা-১৬

-২৪ ঃ মিরপুর ডিওএইচএস এর নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা প্রহরী হিসেবে ১৬ (ষোল) জন আনসারের নিয়োগ বর্ধিতকরণ প্রসংগে।

ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা প্রহরী হিসেবে ১৬ (ষোল) জন আনসারের নিয়োগের মেয়াদ ০৪ মার্চ, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে যাবে। উক্ত প্রহরীদেরকে পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য নিয়োগ করার নিমিত্তে মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৯ জানুয়ারি, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/ মিরপুর/১ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, বোর্ডসভার অনুমোদনক্রমে মিরপুর ডিওএইচএস এর নিরাপত্তার জন্য ১২ (বার) জন আনসার সদস্যকে ০৪ মার্চ, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য প্রাথমিকভাবে নিয়োগ করা হয়েছিল এবং শর্ত ছিল যে, উক্ত সময় অতিক্রান্ত হওয়ার পর মিরপুর ডিওএইচএস পরিষদ এর নিজস্ব অর্থায়নে নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। কিন্তু মিরপুর ডিওএইচএস পরিষদর এর উপরোল্লিখিত পত্রে জানা যায় যে, ডিওএইচএস পরিষদ এর ফান্ডের অবস্থা সন্তোষজনক নয় বিধায় তারা অদ্যাবধি নিজস্ব অর্থায়নে গার্ড নিয়োগ করতে পারেন নি। এ পর্যায়ে আলোচনায় অংশ গ্রহণ করে বোর্ডের সম্মানিত সদস্য জনাব জিয়াউল ইসলাম চৌধুরী জানান যে, অন্যান্য ডিওএইচএস এর ন্যায় ডিওএইচএস পরিষদ এর নিজস্ব তহবিল হতে ব্যয় সংকুলান সাপেক্ষে মিরপুর ডিওএইচএস-এ নিরাপত্তা প্রহরী নিয়োগ করা প্রয়োজন। কেননা ডিওএইচএস এর উন্নয়ন তহবিল হতে উক্ত খাতে অর্থ ব্যয় করা হলে ডিওএইচএস এর স্বাভাবিক উন্নয়ন কর্মকাণ্ড ব্যহত হবে।

ঃ মিরপুর ডিওএইচএস এর নিরাপত্তার নিমিত্তে ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ৩,৪৯,৩৫২/৬৪ (তিন লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত বায়ান্ন টাকা চৌষট্টি পয়সা) টাকা ব্যয় সাপেক্ষে ১৬ (ষোল) জন আনসার নিয়োগের মেয়াদ আগামী ৩১ আগস্ট, ২০০৯ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এর পর থেকে মিরপুর ডিওএইচএস পরিষদ এর নিজস্ব অর্থায়নে নিরাপত্তা প্রহরী নিয়োগের ব্যবস্থা করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ-কে অবহিত করা হোক।

্যসূচী-২৫ ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ৬৩৭ নং প্লটে বাড়ী নির্মাণ কারী প্রতিষ্ঠান এসডি প্রপার্টিজ লিঃ এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগ প্রসংগে।

চনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার জানান যে, মিরপুর ডিওএইচএস এর ৬৩৭ নং প্লটের বরাদ্দগ্রহীতা গ্রুপ ক্যাপ্টেন কে মোহাম্মদ আলী মুনির রানা তাঁর ২২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের আবেদনে জানান যে, এসডি প্রপার্টিজ লিমিটেড তাঁর সাথে উক্ত প্লটে বাড়ী নির্মাণ কাজে চুক্তিবদ্ধ হয়ে নির্ধারিত সময়ে নির্মাণ কাজ করছে না এবং তাঁকে বিভিন্নভাবে হুমকী দিয়ে যাচ্ছে। আলোচনায় আরো জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন ডিওএইচএস এলাকায় এসডি প্রপার্টিজ এবং এ্যামিকাস প্রপার্টিজ এন্ড ডেভলোপমেন্ট লিঃ কর্তৃক বহু প্লট মালিক/বরাদ্দ গ্রহীতার সাথে বাড়ী নির্মাণের জন্য চুক্তিবদ্ধ হলেও নির্ধারিত সময়ে নির্মাণ কাজ করছেন না।

ঃ এসডি প্রপার্টিজ এবং এ্যামিকাস প্রপার্টিজ এন্ড ডেভলোপমেন্ট লিঃ কর্তৃক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন এলাকায় এ যাবৎ কতগুলো প্লট মালিকের সাথে বাড়ী নির্মাণ করার জন্য চুক্তি করা হয়েছে এবং চুক্তিবদ্ধ প্লটসমূহে বাড়ী নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি সংশ্লিষ্ট ডেভলোপারের নিকট হতে সংগ্রহ করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৭

বিবিধ (১)ঃ পিলখানাস্থ বিডিআর সদর দপ্তরে শহীদ সামরিক অফিসারদের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন বাবদ ২,৫২,৭২২/- (দুই লক্ষ বায়ান্ন হাজার সাতশত বাইশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, পিলাখানাস্থ বিডিআর সদর দপ্তরে শহীদ সামরিক অফিসারদের রাষ্ট্রীয় মর্যাদায় দাফনের নিমিত্তে সরবরাহকৃত ফুলের রিং, কবরের বাঁশ, রশি, চাটাই ও দৈনিক লেবার খরচ ইত্যাদি বাবদ ২,৫২,৭২২/- (দুই লক্ষ বায়ান্ন হাজার সাতশত বাইশ) টাকা ব্যয় হয়েছে। এ প্রসংগে আলোচনাক্রমে বোর্ডের সম্মানিত সদস্য জনাব জিয়াউল ইসলাম চৌধুরী জানান যে, আর্মি কঞ্জারভেন্সী খাত অথবা স্টেশন সদর দপ্তর কর্তৃক উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ স্টেশন সদর দপ্তর হতে বরাদ্দকৃত অর্থ দ্বারা উপরোক্ত কাজের জন্য ২,৫২,৭২২/- (দুই লক্ষ বায়ান্ন হাজার সাতশত বাইশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ (২)ঃ অস্থায়ী মহাখালী ডিওএইচএস পরিষদ এর একজিকিউটিভ কমিটি নির্বাচন, ২০০৯ অনুষ্ঠান বাবদ ৪৫,৭৫০/- (পঁয়তাল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ব্যয়ের খাতওয়ারী বিবরণ উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনাক্রমে জানা যায় যে, ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচনে ব্যালট পেপার ছাপানো ব্যয় এবং নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারদের সম্মানী বাবদ কোন অর্থের সংকুলান নেই। এ ব্যাপারে বাজেটেও কোন বরাদ্দ নেই। তাই আপাততঃ ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে এবং বিষয়টি পরবর্তী বাজেটে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আপাততঃ ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

বিবিধ (৩)ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন, ২০০৯ অনুষ্ঠান বাবদ ৪১,৮৫০/- (একচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ব্যয়ের খাতওয়ারী বিবরণ উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনাক্রমে জানা যায় যে, ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচনে ব্যালট পেপার ছাপানো ব্যয় এবং নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারদের সম্মানী বাবদ কোন অর্থের সংকুলান নেই। এ ব্যাপারে বাজেটেও কোন বরাদ্দ নেই। কিন্তু উক্ত নির্বাচন করতে প্রায় ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন এবং বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস একজিকিউটিভ কমিটি নির্বাচনের জন্য ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার বাজেট এতদ্বারা ঘটনোত্তর অনুমোদন করা হলো এবং উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৮

৪। ঃ মহাখালী ডিওএইচএস সংলগ্ন ৯ আব্বাস গার্ডেন এর প্রবেশ পথ ডিওএইচএস মহাখালীর ৩৩ নং রোডের সাথে সংযোগকরণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৮ এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মহাখালী ডিওএইচএস সংলগ্ন ৯ আব্বাস গার্ডেন এর প্রবেশ পথ ডিওএইচএস মহাখালীর ৩৩ নং রোডের সাথে সংযোগ করার বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামতের জন্য পত্র প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ৩৯১৭/২৪/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে এ ব্যাপারে নেতিবাচক মতামত প্রদান করা হয়। উল্লেখ্য যে, মহাখালী ডিওএইচএস পরিষদও ৯ আব্বাস গার্ডেনে প্রবেশের জন্য মহাখালী ডিওএইচএস এর রাস্তা ব্যবহার করার অনুমতি প্রদান না করার ব্যাপারে মতামত প্রদান করেছেন।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস সংলগ্ন ৯ আব্বাস গার্ডেন এর প্রবেশ পথ হিসেবে ডিওএইচএস মহাখালীর ৩৩ নং রোড ব্যবহার করার বিষয়টি অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট প্লটের মালিককে অবহিত করা হোক।

বিবিধ (৫) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,৩৬,৮৮৪/- টাকা | অনুদান/ ডিওএইচএস জরিমানা তহবিল |
| ২। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৮১,৭৬৮/- টাকা | -ঐ- |
| ৩) | মহাখালী ডিওএইচএস এলাকার ৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৮১,০০০/- টাকা | -ঐ- |
| ৪) | মহাখালী ডিওএইচএস এলাকার ৫ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৬৯,১৭৯/- টাকা | -ঐ- |
| ৫) | মহাখালী ডিওএইচএস এলাকার ৬ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৮৬,০২৬/- টাকা | -ঐ- |
| ৬) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ১,২৭,৩০৭/- টাকা | -ঐ- |
| ৭) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ১,১৩,৫২৮/- টাকা | -ঐ- |
| ৮) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৫ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ১,১৮,৬৯৩/- টাকা | -ঐ- |
| ৯) | মহাখালী ডিওএইচএস এলাকার ২৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৫,৯৭,২৩৩/- টাকা | -ঐ- |
| ১০) | মহাখালী ডিওএইচএস এর পার্ক ও মসজিদ এলাকার রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১০,০৪,০৫৬/- টাকা | -ঐ- |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় অংশগ্রহণ করে মহাখালী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ) জানান যে, মহাখালী ডিওএইচএস এলাকার উপরোল্লিখিত রাস্তাসমূহ আসন্ন বর্ষা মৌশুমের পূর্বেই জরুরী ভিত্তিতে মেরামত ও কার্পেটিং করা প্রয়োজন। তিনি সভায় আরো উল্লেখ করেন যে, বর্তমানে মহাখালী ডিওএইচএস এর ১৯(ঊনিশ)টি রাস্তা মেরামত ও কার্পেটিং করা হচ্ছে।

চলমান পাতা-১৯

উপরোল্লিখিত ১০(দশ)টি রাস্তা মেরামত ও কার্পেটিং কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। মহাখালী ডিওএইচএস এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে উক্ত কাজ সম্পাদনের লক্ষ্যে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**( মোঃ নাজমুছ সাদাত সেলিম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।